Total Pages - 7

UG/1st Sem/BENG(H)/T/19

MIDNAPORE CITY COLLEGE
LIBRARY
ESTD.-2017

2019

## B.A. 1st Semester Examination

## BENGALI (Honours)

## Paper : GE 1-T

*Full Marks : 60* *Time : 3 Hours*

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

## GE 1-T(A)

### ক-বিভাগ

যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

১. মনুসংহিতার রচনাকাল নির্দেশ করো।

২. কোন প্রাচীন যুগে মানুষের আবির্ভাব বলে মনে করা হয়?

৩. বৌদ্ধজাতক গ্রন্থানুযায়ী প্রাক্-বৌদ্ধযুগে বাংলার দুটি রাষ্ট্রের নাম লেখো।

*[ Turn Over ]*

৪. প্রাচীন বাংলার যেকোনো চারটি প্রধান জনপদের নাম লেখো।

৫. পাল বংশের প্রথম রাজা গোপালের রাজত্বের সময়সীমা নির্দেশ করো।

৬. প্রাচীন বাংলায় চারটি পানীয়ের নাম উল্লেখ করো।

৭. বাংলার আদিম অধিবাসীরা কোন ভাষাভাষী গোষ্ঠীর লোক? নৃতত্ত্বের ভাষায় এঁদের কী বলা হয়?

৮. 'ভাওয়াইয়া' কী?

৯. বাংলায় প্রচলিত যেকোনো একটি ছড়ার চার লাইন লেখো।

১০. বাংলায় প্রচলিত যেকোনো চারটি প্রবাদ লেখো।

১১. গীতিকার যেকোনো দুটি বৈশিষ্ট্য লেখো।

১২. 'লোকনাটক' কাকে বলে?

১৩. ধাঁধা ও ছড়ার মধ্যে দুটি পার্থক্য লেখো।

১৪. প্রাচীন বাংলায় প্রচলিত যেকোনো চারটি খাদ্যাভ্যাসের নাম লেখো।

১৫. বাঙালি জাতির উৎপত্তি ও বাংলা ভূ-খণ্ডের ইতিহাস জানা যায় এমন দুটি গ্রন্থ ও তার লেখকের নাম লেখো।





## খ-বিভাগ

যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও। ৪×৫=২০

১৬. প্রাচীন বংলার ভূখণ্ডের সংক্ষিপ্ত পরিচয় দাও।

১৭. প্রাচীন বাংলায় বাঙালীর বিদ্যাচর্চা ও সাহিত্যসাধনা সম্পর্কে সংক্ষেপে লেখো।

১৮. টীকা লেখো (যে কোনো একটি) : ছেলে ভুলানো ছড়া, ব্রতের আলপনা।

১৯. লোকসাহিত্যের সঙ্গে শিষ্টসাহিত্যের পার্থক্যগুলি নিজের ভাষায় লেখো।

২০. বাংলায় প্রচলিত যেকোনো একটি লোকগীতি ধারার সংক্ষিপ্ত পরিচয় দাও।

২১. 'বাংলা' নামের উৎপত্তির ইতিবৃত্ত সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

## গ-বিভাগ

যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

২২. বাঙালি জাতির উৎপত্তির ইতিহাস পর্যালোচনা করো।

*[ Turn Over ]*

২৩. লোকসাহিত্যের সংজ্ঞা দাও ও শ্রেণিবিভাগ করো। যেকোনো একটি ধারার সংক্ষিপ্ত পরিচয় দাও।

২৪. বাংলায় ধাঁধা কাকে বলে? ধাঁধার শ্রেণিবিভাগ করো। প্রত্যেক প্রকার ধাঁধার একটি করে দৃষ্টান্ত দাও।

২৫. প্রবাদের বৈশিষ্ট্যগুলি লেখো। বাংলায় প্রচলিত প্রবাদে সমাজ- ইতিহাসের ছবি কীভাবে প্রতিফলিত হয়েছে বুঝিয়ে দাও।

---





## GE-1T(B)

### ক-বিভাগ

যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

১. পৃথিবীর যেকোনো দুটি আদি ভাষা বংশের নাম লেখো।

২. ইন্দো-ইউরোপীয় ভাষা বংশের তিনটি প্রাচীন ভাষার নাম লেখো।

৩. মহারাষ্ট্রী প্রাকৃত ভাষায় রচিত একটি গ্রন্থের নাম ও তার লেখকের নাম লেখো।

৪. প্রাচীন বাংলা ভাষার সময়সীমা নির্দেশ করো।

৫. আদি-মধ্য বাংলা ভাষার দুটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

৬. প্রাচীন বাংলা ভাষার দুটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

৭. আধুনিক বাংলা ভাষার দুটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

৮. বাংলা শব্দভাণ্ডারের অন্তর্ভুক্ত যেকোনো চারটি অস্ট্রিক শব্দ লেখো।

৯. O.I.A. ও M.I.A.-এর পুরো নাম কী?

*[ Turn Over ]*

১০. বঙ্গালি উপভাষার সীমানা উল্লেখ করো।

১১. রাঢ়ী উপভাষার দুটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

১২. টীকা লেখো : সমীভবন।

১৩. ধ্বনি পরিবর্তনের যেকোনো দুটি কারণ লেখো।

১৪. তদ্ভব শব্দ কাকে বলে?

১৫. বাংলা বাক্যগঠনে 'আকাঙ্ক্ষা' ও 'আসত্তি' বলতে কী বোঝানো হয়?

## খ-বিভাগ

যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও। ৪×৫=২০

১৬. আদি-মধ্য বাংলা ভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ লেখো।

১৭. বাংলা শব্দ ভাণ্ডারের অন্তর্ভুক্ত আগন্তুক বা কৃতঋণ শব্দগুলির পরিচয় দাও।

১৮. শব্দের অর্থবিস্তার ও শব্দের অর্থসংক্রম বলতে কী বোঝো দৃষ্টান্তসহ আলোচনা করো।

১৯. 'জোড়কলম শব্দ' ও 'লোকনিরুক্তি' কাকে বলে? দৃষ্টান্তসহ সংক্ষেপে লেখো।





২০. বরেন্দ্রী উপভাষার বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লেখো।

২১. ইন্দো-ইউরোপীয় ভাষাবংশের অন্তর্গত ইতালিক ও কেল্‌তিক্ ভাষার সংক্ষিপ্ত পরিচয় দাও।

## গ-বিভাগ

যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

২২. নব্য-ভারতীয় আর্যভাষার বর্গীকরণের মাধ্যমে কীভাবে বাংলা ভাষার উদ্ভব হয়েছে বুঝিয়ে দাও।

২৩. বাংলা ভাষায় শব্দার্থ পরিবর্তনের সূত্রগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো।

২৪. বাংলা সাধুভাষা ও চলিতভাষার পার্থক্যগুলি সুনির্দিষ্টভাবে চিহ্নিত করো।

২৫. ঝাড়খণ্ডী উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো।

---